

একাডেমি কি?

একাডেমি স্কুল গুলি হল সরকারিভাবে অর্থায়ন করা স্কুল, যা কিনা লোকাল অথরিটি বা স্থানীয় কর্তৃপক্ষ থেকে স্বাধীন, তারা একটি অর্থায়ন চুক্তির মাধ্যমে ডিপার্টমেন্ট ফর এডুকেশন (DfE) এর কাছে দায়বদ্ধ থাকে।

মাল্টি একাডেমি ট্রাস্ট কি?

মাল্টি-একাডেমি ট্রাস্ট (MAT) হল যখন দুই বা ততোধিক একাডেমি (স্কুল) অংশীদারিত্বের কারণে আইনিভাবে বাধ্য একসাথে কাজ করতে। আমাদের স্কুল একাডেমি করার উদ্দেশ্যে একটি স্থানীয় MAT-তে যোগ দেওয়ার পরিকল্পনা করছে;
টেম রিভার এডুকেশনাল ট্রাস্ট (TRET)।

আমাদের স্কুল পরিচালনার দায়িত্ব কার হবে?

ট্রাস্টের একটি ট্রাস্টি বোর্ড রয়েছে এবং এর জন্য একটি স্থানীয় গভর্নিং বোর্ড থাকবে প্রতিটি স্কুলের জন্য। ট্রাস্টিদের সামগ্রিক দায়িত্ব থাকবে অর্থ কিভাবে খরচ হবে এবং শিক্ষার মান কিভাবে উন্নত হবে। প্রধান শিক্ষক এখনকার মতো স্কুল পরিচালনা করতে থাকবেন; তিনি ট্রাস্ট নেতা এবং স্থানীয় গভর্নিং বোর্ড দ্বারা জবাবদিহিতা এবং সমর্থিত থাকবেন।

TRET-এ যোগদানের সুবিধা কী?

পুঙ্খানুপুঙ্খভাবে বিবেচনা করার পরে, গভর্নিং বডি TRET-এ যোগদানের প্রস্তাব দেয়:

নিম্নলিখিত সুবিধা পাওয়া যাবে:

1. উন্নত শিক্ষার সুযোগ এবং স্থানীয় স্কুলের সাথে একটি পরিবারের মতো হয়ে কাজ করার সুযোগ, সর্বোত্তম অভ্যাস গড়ার সুবিধা।
2. থাকবে ছাত্র সহায়তার উন্নয়ন, শেয়ার্ড রিসোর্স, পাসটরাল কেয়ার, চারিত্রিক উন্নয়ন এবং সুস্থতা প্রোগ্রাম।
3. লেখাপড়া ছাড়াও অন্যান্য পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপের বিস্তৃত পরিসরে কাজ করার সুযোগ।
4. কর্মীদের জন্য সুযোগ থাকবে তাদের উন্নয়ন, তাদের ধরে রাখা, প্রশিক্ষণ বৃদ্ধি এবং সহযোগী নেটওয়ার্ক দেওয়া।

5. শেয়ার্ড সার্ভিসের মাধ্যমে দীর্ঘমেয়াদী আর্থিক সুবিধা দেবে ।

6. TRET আমাদের স্কুলের মূল্যবোধ এবং অগ্রাধিকারের সাথে একতাবদ্ধ । TRET একটি স্থানীয় ট্রাস্ট। ট্রাস্ট আমাদের স্কুল এবং অন্যান্য স্কুলের মধ্যে সহযোগিতা করবে । আমাদের ছাত্রদের জন্য সর্বোত্তম ফলাফল নিশ্চিত করার উদ্দেশ্যে কাজ করবে, শিক্ষাদান এবং শেখার উন্নতির উপায় বের করবে ।

অফস্টেড কি একাডেমি পরিদর্শন করে?

হ্যাঁ। একই অধীনে, একই কাঠামোতে একাডেমি স্কুলগুলিকে অফস্টেড পরিদর্শন করে । একাডেমির কর্মক্ষমতা, একই ভাবে স্কুলের কর্মক্ষমতা বজায় রাখা, স্কুলের মান মূল্যায়ন করা হয় এবং DfE কর্মক্ষমতা সারণীতে প্রকাশিত হয়।

এখনও কি অভিভাবকদের গভর্নিং বডিতে প্রতিনিধিত্ব করতে দেয়া হবে?

হ্যাঁ। একই ভাবে স্থানীয় গভর্নিং বোর্ডে এখনও পিতামাতা এবং কর্মীদের প্রতিনিধিত্ব থাকবে । ট্রাস্ট বোর্ড থেকে দায়িত্ব স্থানীয় গভর্নিং বোর্ডকে অর্পণ করা হবে এবং স্কুলের প্রতি স্থানীয় ব্যক্তির খেয়াল রাখবেন।

ইউনিফর্ম/স্কুলের নাম/নীতি কি পরিবর্তন হবে?

স্কুল ইউনিফর্ম বা স্কুলের নামের পরিবর্তনের কোন পরিকল্পনা নেই। স্কুল TRET নীতিগুলি গ্রহণ করবে, যেভাবে তারা বর্তমানে স্থানীয় কর্তৃপক্ষের নীতিগুলি গ্রহণ করে।

লোকাল অথরিটি (LA) স্কুল হিসেবে থাকছেন না কেন?

লোকাল অথরিটি (এলএ) শিক্ষা সেবার জন্য সরকারি অর্থায়ন উল্লেখযোগ্যভাবে কমে গেছে। LA-কে অবশ্যই তাদের বিধিবদ্ধ দায়িত্বগুলিকে অগ্রাধিকার দিতে হবে, এতে তারা স্কুলের উন্নতির মতো বিষয়গুলির জন্য খুব সামান্য সহায়তা দিতে পারে।

LA-এর ক্ষমতা সম্ভবত আরও কমবে

যত বেশি স্কুল একাডেমিতে পরিণত হবে (সাম্প্রতিক তথ্য মতে দেখা যায় যে ৮০% এর বেশি সেকেন্ডারি স্কুলগুলো এখন একাডেমি হয়ে গেছে)।

কিভাবে স্কুলে ভর্তি প্রভাবিত হবে?

ট্রাস্ট স্কুলের ভর্তি কর্তৃপক্ষ হয়ে উঠবে, কিন্তু স্কুলের নিজস্ব ভর্তি নীতি চালু থাকবে যেমনটা এখন আছে। ভর্তি নীতি পরিবর্তন করার কোন পরিকল্পনা নেই।

লোকাল অথরিটি স্থানীয়ভাবে স্কুলে পর্যাপ্ত স্থান রয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য দায়িত্ব পালন করবে এবং এটি সমস্ত স্কুলের ভর্তি প্রক্রিয়াকে সমন্বয় করবে। পিতামাতা এবং কেয়ারার দের জন্য আবেদন প্রক্রিয়া একই থাকবে।

একাডেমিগুলি কি জাতীয় পাঠ্যক্রম অনুসরণ করে?

একাডেমিগুলি অবশ্যই "একটি বিস্তৃত এবং ভারসাম্যপূর্ণ" পাঠ্যক্রম প্রদান করবে পাঠ্যক্রম,কিন্তু একাডেমিতে লোকাল অথরিটির রক্ষণাবেক্ষণ করা স্কুলের চেয়ে বেশি স্বাধীনতা আছে। অধিকাংশ একাডেমি জাতীয় পাঠ্যক্রম অনুসরণ করে চলেছে।

স্পেশাল এডুকেশনাল নিডস (SEN) শিশুদের জন্য তহবিলের উপর একাডেমির অবস্থা কী প্রভাব ফেলে?

একটুও না। SEN-এর সাথে শিক্ষার্থীদের জন্য বর্তমানে যে তহবিল দেওয়া হচ্ছে তা বজায় রাখা হবে।

আমার সন্তান বর্তমানে অতিরিক্ত শেখার সহায়তা পায়, এটা কি চলবে?

হ্যাঁ। SEN এর সাথে শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত সহায়তা অব্যাহত থাকবে।

স্কুলের মেয়াদ/স্কুল ছুটির তারিখ কি এলাকার অন্যান্য স্থানীয় কর্তৃপক্ষের স্কুলের মতই হবে?

হ্যাঁ। একটি Tameside ট্রাস্ট হিসাবে, TRET স্কুলগুলি স্থানীয় কর্তৃপক্ষের তারিখের সাথে জোটবদ্ধ থাকবে।

স্কুলটি একাডেমি হয়ে গেলে কি লোকাল অথরিটির সাথে এখনও কোনো সম্পৃক্ততা থাকবে?

হ্যাঁ। স্কুল এখনও লোকাল অথরিটির সাথে কাজ করবে এবং স্কুলের বৃহত্তর Tameside পরিবারের অংশ হিসেবে থাকবে। স্কুল কিছু লোকাল অথরিটির কাছ থেকে কেনাকাটা চালিয়ে যেতে পারবে। যেখানে এগুলি স্কুলের জন্য উপকারী এবং অর্থের জন্য সর্বোত্তম মূল্য অফার করে। লোকাল অথরিটির এখনও কিছু দায়িত্ব থাকবে। ভর্তির সাথে সম্পর্কিত, SEN এবং নির্দিষ্ট চাহিদায়ুক্ত শিশুদের সাথে সম্পর্কিত।

স্কুলে কি কম নাকি বেশি টাকা থাকবে?

রক্ষণাবেক্ষণ করা স্কুল এবং একাডেমিগুলিকে একইভাবে জাতীয় তহবিল সূত্রের অধীনে অর্থায়ন করা হয়। একইভাবে বর্তমানে LA স্কুলগুলির জন্য অর্থ প্রদান করি, আমরা কেন্দ্রীয়ভাবে পরিচালিত যে কোনও MAT স্কুলগুলির জন্য অর্থ প্রদান করব। এটি সময়ের সাথে সাথে দক্ষতা, প্রত্যাশা এবং শিক্ষামান পরিপ্রেক্ষিতে অর্থ কিছু হ্রাস পাবে।

MAT এর অংশ হওয়ার কারণে কি অন্যান্য স্থানীয় স্কুলের সাথে সম্পর্ক পরিবর্তন হবে?

না। আমরা সহযোগিতা এবং শেয়ার করা চালিয়ে যাব।

|

